# যশোর বোর্ড ২০১৬

হিসাববিজ্ঞান : প্রথম পত্র

বিষয় কোড: ২৫৩

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল | পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]*

## ক বিভাগ

১. ▶ইরতি লন্ড্রি সার্ভিসের ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিলটি নিম্নরূপ:

**ইরতি লন্ড্রি সার্ভিস**
**রেওয়ামিল**
**৩১ ডিসেম্বর, ২০১৫**

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ | ৫০,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৬০,০০০ | ২৭,৫০০ |
| আসবাবপত্র | ৬০,০০০ | |
| সেবা আয় | | ৯০,০০০ |
| সাপ্লাইজ খরচ | ১৩,৫০০ | |
| উত্তোলন | ৫,০০০ | |
| মূলধন | | ৭৮,০০০ |
| অগ্রিম বিমা | ৩,০০০ | |
| উপযোগ খরচ | ৩,৫০০ | |
| অনুপার্জিত সেবা আয় | | ২২,৫০০ |
| বেতন খরচ (১৫ মাস) | ১৫,০০০ | |
| প্রাপ্য নোট | ২০,০০০ | |
| পুঞ্জীভূত অবচয়-আসবাবপত্র | | ১২,০০০ |
| | ২,৩০,০০০ | ২,৩০,০০০ |

অন্যান্য তথ্য : ১. অব্যবহৃত সাপ্লাইজের পরিমাণ ১২,০০০ টাকা। ২. অগ্রিম বিমা ১ জুলাই ২০১৫ তারিখে দুই বছরের জন্য প্রদান করা হয়েছে। ৩. হিসাবকাল শেষে অনুপার্জিত সেবা আয় ১০,০০০ টাকা। ৪. আসবাবপত্রের ওপর ১০% অবচয় ধার্য করতে হবে। ৫. প্রাপ্য হিসাবের ৫% অনাদায়ী দেনা সঞ্চিতি ধরতে হবে।

ক. মোট সেবা আয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য আয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে মালিকানা স্বত্বের পরিমাণ ও মোট সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪

২. ▶আজওয়াদ ট্রেডার্সের ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের প্রস্তুতকৃত রেওয়ামিলটি নিম্নরূপ:

**আজওয়াদ ট্রেডার্স**
**রেওয়ামিল**
**৩১ ডিসেম্বর, ২০১৫**

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
| --- | --- | --- |
| মজুদ পণ্য (১-১-২০১৫) | ২০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় (১৫% ভ্যাটসহ) | ১,১৫,০০০ | ২,৩০,০০০ |
| মজুরি খরচ | ১০,০০০ | |
| কলকব্জা | ১,৫০,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ২৫,০০০ | ১০,০০০ |
| সাধারণ খরচ | ১৫,০০০ | |
| ট্রেডমার্ক (১-১-২০১২ হতে ১০ বছর) | ২১,০০০ | |
| ১০% সরকারি বন্ড | ৮০,০০০ | |
| ৬% বন্ধকি ঋণ | | ৩০,০০০ |
| কমিশন | ৪,০০০ | ৫,০০০ |
| ব্যাংক চার্জ | ৪,০০০ | |
| ব্যাংক সুদ | | ৪,০০০ |
| ব্যাংক জমা | ৩২,০০০ | |
| উত্তোলন ও মূলধন | ১০,০০০ | ২,০০,০০০ |
| ভ্যাট চলতি হিসাব | | ৭,০০০ |
| মোট | ৪,৮৬,০০০ | ৪,৮৬,০০০ |

**অন্যান্য তথ্য :** ১. ১০,০০০ টাকার পণ্য আগুনে বিনষ্ট হওয়ার পূর্বে সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৫০,০০০ টাকা। বিমা কোম্পানি ৭,০০০ টাকা ক্ষতিপূরণ দিতে সম্মত হয়েছে। ২. কলকব্জার সংস্থাপন ব্যয় ২,০০০ টাকা মজুরির মধ্যে অন্তর্ভুক্ত আছে এবং মজুরি বকেয়া রয়েছে ১,০০০ টাকা। ৩. মনিহারি ক্রয় ৫,০০০ টাকা সাধারণ খরচের মধ্যে অন্তর্ভুক্ত আছে এবং ১,০০০ টাকার মনিহারি অব্যবহৃত আছে। ৪. ৩১-১২-২০১৫ তারিখ পর্যন্ত সরকারি বন্ডের প্রাপ্য সুদ ৫,০০০ টাকা এবং বন্ধকি ঋণের প্রদেয় সুদ ১,০০০ টাকা। ৫. কলকব্জার ওপর ১০% অবচয় ধার্য করতে হবে।

ক. ভ্যাট চলতি হিসাব প্রস্তুত করো। ২

খ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের আজওয়াদ ট্রেডার্সের মোট লাভ ১,২১,০০০ টাকা ধরে নিট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

গ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে মালিকানা স্বত্ব ২,৮০,৮০০ টাকা ধরে আজওয়াদ ট্রেডার্সের আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো। ৪

## খ বিভাগ

৩.▶২০১৫ সালের জুলাই মাসে জনাব শফিকের বই হতে নিম্নের লেনদেন ও ঘটনাগুলো নেয়া হয়েছে:

জুলাই ১ জনাব শফিক নগদ ১,০০,০০০ টাকা, যন্ত্রপাতি ৭০,০০০ টাকা এবং ব্যাংক হতে ৫০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় আরম্ভ করেন।

" ২ প্রতি মাসে ১০,০০০ টাকা বেতনে একজন অফিস সহকারী নিয়োগ দেন।

" ৮ একজন মক্কেলকে ৫০,০০০ টাকা সেবা প্রদান করে ২০,০০০ টাকা পাওয়া গেল।

" ১৫ ধারে সাপ্লাইজ ক্রয় করা হলো ৫,০০০ টাকা।

" ২৫ ভবিষ্যৎ আইন সেবার জন্য একজন মক্কেলের নিকট হতে অগ্রিম পাওয়া গেল ১০,০০০ টাকা।

" ২৭ সাপ্লাইজ ব্যবহৃত হয়েছে ২,০০০ টাকা।

" ৩০ অফিস সহকারীর বেতন দেয়া হলো।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. জুলাই ৮, ২৫, ২৭ ও ৩০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলো টেবুলার ছকে হিসাব সমীকরণের প্রভাব দেখাও। ৪

৪. ▶ আদিলা ট্রেডার্সের ২০১৫ সালের জানুয়ারি মাসে নিম্নের লেনদেনগুলো সংঘটিত হয়:

২০১৫

জানুয়ারি ১ হাতে নগদ ৫৫,০০০ টাকা; ব্যাংক জমা (ডেবিট) ১৫,০০০ টাকা।

" ৪ ব্যাংকে জমা দেয়া হলো ৬,০০০ টাকা।

" ৮ তামিমের নিকট হতে ৫% বাট্টা বাদে ৩,৮০০ টাকা চেকে পাওয়া গেল।

" ১৩ প্রদেয় হিসাব চিনতিয়ার বরাবর ৫% বাট্টা বাদে ৬,০০০ টাকার চেক ইস্যু করা হলো।

" ২০ নগদে পণ্য ক্রয় ১০,০০০ টাকা।

" ২২ কম্পিউটার ক্রয় ১০,০০০ টাকা।

" ২৮ রিটুকে ১০% বাট্টা বাদে ৪,৫০০ টাকার চেক প্রদান করা হলো।

" ২৯ বাড়িভাড়া প্রদান করা হলো ১০,০০০ টাকা (বাড়িটির অর্ধেকে মালিক নিজে বসবাস করে)

" ৩১ সমাপনী উদ্বৃত্তের ২,৮০০ টাকা রেখে বাকি টাকা ব্যাংকে জমা দেয়া হলো।

ক. জানুয়ারি ২০ তারিখের লেনদেনের সাহায্যে একটি ডেবিট ভাউচার তৈরি করো। ২

খ. ১৩, ২০, ২২ ও ২৯ তারিখের লেনদেনের সাহায্যে একখানি নগদ প্রদান জাবেদা তৈরি করো। ৪

গ. ০১, ০৪, ০৮, ২৮ ও ৩১ তারিখের লেনদেনের সাহায্যে একখানি তিনঘরা নগদান বহি তৈরি করো। ৪

৫. ▶ দিনা ট্রেডার্স-এর ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের উদ্বৃত্তগুলো নিম্নরূপ:

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| মূলধন | ১৫,০০০ | দালানকোঠা | ৪,৫০০ |
| উত্তোলন | ৫,০০০ | প্রাপ্য হিসাব | ৩,০০০ |
| প্রাপ্য নোট | ৩,০০০ | বেতন খরচ | ৫০০ |

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| প্রদেয় নোট | ২,৫০০ | অগ্রিম শিক্ষানবিশ সেলামি | ৩০০ |
| সাধারণ সঞ্চিতি | ৫০০ | ব্যাংক জমাতিরিক্ত | ২০০ |
| নগদ তহবিল (১-১-২০১৫) | ৬০০ | নগদ তহবিল (৩১-১২-২০১৫) | ১,০০০ |
| মজুদ পণ্য (১-১-২০১৫) | ৪,০০০ | বিমা খরচ | ৮০০ |
| অনাদায়ী পাওনা | ৫০০ | মজুদ পণ্য (৩১-১২-২০১৫) | ৩,৫০০ |
| অনাদায়ী পাওনা সঞ্চিতি | ৩০০ | প্রদেয় হিসাব | ৩,৫০০ |

ক. রেওয়ামিলের অন্তর্ভুক্ত হবে না এমন দফাগুলোর পরিমাণ নির্ণয় করো। ২
খ. দিনা ট্রেডার্সের চলতি সম্পদ ও চলতি দায়ের পার্থক্য কত? ৪
গ. উপর্যুক্ত তথ্যাবলি হতে দিনা ট্রেডার্সের একটি রেওয়ামিল প্রস্তুত করো। ৪

৬. ▶ নাসরিন ট্রেডার্সের রেওয়ামিল হতে নিচের তথ্যসমূহ পাওয়া গেল:

| বিবরণ | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| লিখিত অনাদায়ী পাওনা | ৩,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১,০০,০০০ | |
| অনাদায়ী দেনা সঞ্চিতি | | ৫,০০০ |

**সমন্বয়:** ১,৫০০ টাকা প্রাপ্য হিসাব থেকে অনাদায়ী দেনা বাবদ অবলোপন করতে হবে এবং প্রাপ্য হিসাবের অবশিষ্ট উদ্বৃত্তের ওপর ৫% অনাদায়ী দেনা সঞ্চিতির ব্যবস্থা রাখতে হবে।

ক. নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ নির্ণয় করো। ২
খ. নাসরিন ট্রেডার্সের বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪
গ. অনাদায়ী দেনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব তৈরি করো। ৪

৭. ▶ ২০১৫ সালের ৩১ মার্চ তারিখে রফিক স্টোরের নগদান বহির ডেবিট উদ্বৃত্ত ১,২২,০০০ টাকা কিন্তু উহা ব্যাংক বিবরণীর উদ্বৃত্তের সাথে মিল নেই। সমস্ত হিসাব যাচাই করে নিম্নের পার্থক্যগুলো পাওয়া যায়:

i. ৩৮,০০০ টাকার পাঁচটি চেক এবং ৩২,০০০ টাকার একখানি প্রাপ্য নোট আদায়ের জন্য ২০১৫ সালের মার্চ মাসে ব্যাংকে জমা দেয়া হয় কিন্তু উহা ২০১৫ সালের এপ্রিল মাসে আদায় হয়।
ii. ১৮,০০০ টাকার একখানা প্রাপ্য নোট ১৬,৮০০ টাকায় ব্যাংকে বাট্টাকরণ করা হয় কিন্তু নগদান বইতে পূর্ণমূল্য লিপিবদ্ধ করা হয়।
iii. ব্যাংক কর্তৃক ১৪,০০০ টাকার প্রদেয় নোট পরিশোধিত হয়েছে কিন্তু নগদান বইতে লিপিবদ্ধ হয় নাই।
iv. খরিদ্দারগণ সরাসরি ২০,০০০ টাকা ব্যাংকে জমা দিয়েছেন যাহা নগদান বইতে লিপিবদ্ধ হয় নাই।
v. ১৪,০০০ টাকার চেক আদায়ের জন্য ব্যাংকে জমা হয়েছিল কিন্তু নগদান বইতে লিপিবদ্ধ হয় নাই।
vi. ৫৪,০০০ টাকার তিনখানি চেক প্রদেয় হিসাবের বরাবর ইস্যু করা হয়েছিল যার মধ্যে ৪৬,০০০ টাকার দুইখানি চেক পরিশোধিত হয়েছে।
vii. ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ ১,৪০০ টাকা এবং ধার্যকৃত কমিশন ১,০০০ টাকা ২০১৫ সালের ৩১ মার্চ তারিখের মধ্যে নগদান বইতে লিপিবদ্ধ হয় নাই।

ক. অনাদায়ী চেক এবং ব্যাংকে অনুপস্থিত চেকের পরিমাণ নির্ণয় করো। ২
খ. ৩, ৪, ৫ ও ৭ নং দফাগুলোর জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. ২০১৫ সালের ৩১ মার্চ তারিখে ব্যাংক বিবরণীর উদ্বৃত্ত বের করো। ৪

৮.▶রিপা এন্টারপ্রাইজের ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ:

**রিপা এন্টারপ্রাইজ**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০১৫

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ তহবিল | ১০,৮০০ | |
| সাপ্লাইজ | ৩,৪০০ | |
| অগ্রিম বিমা | ৫,০০০ | |
| যন্ত্রপাতি | ৩০,০০০ | |
| পুঞ্জীভূত অবচয়— যন্ত্রপাতি | | ৫,০০০ |
| প্রদেয় নোট | | ৫,০০০ |
| মূলধন | | ৩০,৮০০ |
| প্রাপ্য হিসাব | ৫,৬০০ | |
| সেবা আয় | | ৪০,০০০ |
| উত্তোলন | ৪,০০০ | |
| বেতন (৪/৫ অংশ) | ১৬,০০০ | |
| উপযোগ খরচ | ৬,০০০ | |
| | ৮০,৮০০ | ৮০,৮০০ |

অন্যান্য তথ্য : ১. বিমার মেয়াদ উত্তীর্ণ হয়েছে ২,০০০ টাকা। ২. হিসাবকাল শেষে সাপ্লাইজ মজুদ আছে ৫০০ টাকা। ৩. সেবা প্রদত্ত হয়েছে এখনো বিল করা হয়নি ৩,০০০ টাকা।

ক. বেতন খরচের পরিমাণ নির্ণয় করো। ২
খ. প্রয়োজনীয় সমন্বয় দাখিলা প্রদান করো। ৪
গ. উপর্যুক্ত তথ্যাবলি হতে একটি ১০ কলামবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত করো। ৪

৯.▶মি. জাহেদুল হাসান একজন ব্যবসায়ী। তিনি তার হিসাব বই দু'তরফা দাখিলা মোতাবেক সংরক্ষণ করেন না। তার প্রতিষ্ঠানের ১ জানুয়ারি, ২০১৫ ও ৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখের আর্থিক অবস্থা নিম্নরূপ:

| হিসাবের নাম | ১ জানুয়ারি ২০১৫ (টাকা) | ৩১ ডিসেম্বর ২০১৫ (টাকা) |
|---|---|---|
| নগদ তহবিল | ৫,০০০ | ৪,৫০০ |
| ব্যাংক ব্যালেন্স | ১৩,০০০ | ৬,০০০ (ক্রে.) |
| মজুদ পণ্য | ১৮,০০০ | ২৫,০০০ |
| কলকব্জা ও যন্ত্রপাতি | ৩৫,০০০ | - |
| প্রদেয় হিসাব | ২২,০০০ | ২০,০০০ |
| আসবাবপত্র | ১৫,০০০ | ১৫,০০০ |
| ১০% বিনিয়োগ | | ৩০,০০০ |

মি. জাহেদুল হাসান নিজ প্রয়োজনে সারা বছর ধরে প্রত্যেক মাসের ১ তারিখে ৫০০ টাকা করে ব্যবসায় হতে উত্তোলন করেন। তিনি বছরের মাঝামাঝি সময়ে প্রতিষ্ঠানের জন্য নিজ তহবিল হতে ১৫,০০০ টাকার যন্ত্রপাতি ক্রয় করেন।

**অন্যান্য তথ্য :** ১. ১ মার্চ ২০১৫ তারিখে ৮,০০০ টাকার নতুন বিনিয়োগ করা হয়েছিল, বিনিয়োগের পূর্ণ বছরের সুদ বকেয়া আছে। ২. উত্তোলন ও মূলধনের ওপর ৫% হারে সুদ ধার্য করতে হবে। ৩. কলকব্জা ও যন্ত্রপাতির ওপর ১০% এবং আসবাবপত্রের ওপর ৬% অবচয় ধার্য করতে হবে।

ক. প্রারম্ভিক বিনিয়োগ এবং বিনিয়োগের মোট সুদ নির্ণয় করো। ২

খ. প্রারম্ভিক মূলধন ৮৬,০০০ টাকা এবং সমাপনী মূলধন ১,০০,৫০০ টাকা ধরে ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে ব্যবসায়ের নিট লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

গ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের বৈষয়িক বিবৃতি প্রস্তুত করো। ৪

## উত্তরমালা

১. **ক.** মোট সেবা আয় ১,০২,৫০০ টাকা। **খ.** নিট মুনাফা ৭৫,৭৫০ টাকা। **গ.** মোট সম্পদ ১,৮৬,২৫০ টাকা এবং মালিকানা স্বত্ব ১,৪৮,৭৫০ টাকা।

২. **ক.** ভ্যাট চলতি হিসাবের জের ২২,০০০ টাকা (ক্রেডিট)। **খ.** নিট মুনাফা ৯০,৮০০ টাকা। **গ.** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৩,৪৪,৮০০ টাকা।

৩. **ক.** প্রারম্ভিক মূলধন ১,৭০,০০০ টাকা। **খ.** জাবেদার যোগফল ৭২,০০০ টাকা। **গ.** হিসাব সমীকরণের যোগফল ২,৭৩,০০০ টাকা।

৪. **খ.** নগদ প্রদান জাবেদার যোগফল ৩৬,৩১৬ টাকা। **গ.** নগদ জমা ২,৮০০ টাকা, ব্যাংক জমা ৬৬,৫০০ টাকা, প্রদত্ত বাট্টা ২০০ টাকা এবং প্রাপ্ত বাট্টা ৫০০ টাকা।

৫. **ক.** রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না ৪,১০০ টাকা। **খ.** চলতি সম্পদ ও চলতি দায়ের পার্থক্য ৪,০০০ টাকা। **গ.** রেওয়ামিলের যোগফল ২২,৩০০ টাকা।

৬. **ক.** নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি ৪,৯২৫ টাকা। **খ.** জাবেদার যোগফল ১৩,৩৫০ টাকা। **গ.** অনাদায়ী পাওনা সঞ্চিতির জের ৪,৯২৫ টাকা (ক্রেডিট)।

৭. **ক.** অনাদায়ী চেক ৩৮,০০০ টাকা এবং অনুপস্থিত চেক ৮,০০০ টাকা। **খ.** জাবেদার যোগফল ৫০,৪০০ টাকা। **গ.** ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক উদ্বৃত্ত ৭৯,২০০ টাকা।

৮. **ক.** বেতন খরচের পরিমাণ ২০,০০০ টাকা। **খ.** সমন্বয় জাবেদার যোগফল ১১,৯০০ টাকা। **গ.** সমন্বিত রেওয়ামিলের যোগফল ৮৭,৮০০ টাকা, নিট মুনাফা ১২,১০০ টাকা এবং আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৫৬,৯০০ টাকা।

৯. **ক.** প্রারম্ভিক বিনিয়োগ ২২,০০০ টাকা, বিনিয়োগের সুদ ২,৮৬৭ টাকা। **খ.** নিট ক্ষতি ১,২৯৫ টাকা। **গ.** বৈষয়িক বিবরণীর যোগফল ১,২৪,২১৭ টাকা।

সময় — ৪০ মিনিট
## বহুনির্বাচনি
পূর্ণমান — ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি

১. রেওয়ামিলে সাপ্লাইজ ১,৩৫০ টাকা এবং সাপ্লাইজ খরচ '০' টাকা। যদি নির্দিষ্ট সময় শেষে ৮০০ টাকার সাপ্লাইজ মজুদ থাকে, তবে সমন্বয় জাবেদা কোনটি?
ⓚ সাপ্লাইজ ডে. ৫৫০
সাপ্লাইজ খরচ ক্রে. ৫৫০
ⓚ সাপ্লাইজ খরচ ডে. ৫৫০
সাপ্লাইজ ক্রে. ৫৫০
ⓖ সাপ্লাইজ খরচ ডে. ৮০০
সাপ্লাইজ ক্রে. ৮০০
ⓖ সাপ্লাইজ ডে. ১,৩৫০
সাপ্লাইজ খরচ ক্রে. ১,৩৫০

২. নিচের কোন শিরোনামে দেনাদার অন্তর্ভুক্ত থাকে?
ⓚ চলতি সম্পদ ⓚ বিনিয়োগ
ⓖ দীর্ঘমেয়াদি সম্পদ ⓖ দায়

৩. আসবাবপত্র ক্রয়কে 'ক্রয়' হিসাবে ডেবিট করা হয়েছে। এখানে কোন ধরনের ভুল হয়েছে?
ⓚ নীতিগত ভুল ⓚ পরিপূরক ভুল
ⓖ বাদ পড়ার ভুল ⓖ দ্বৈত লেখার ভুল

৪. ব্যাংক বিবরণী অনুযায়ী 'ক্রেডিট উদ্বৃত্ত' আমানতকারীর জন্য কী নির্দেশ করে?
ⓚ আয় ⓚ খরচ ⓖ দায় ⓖ সম্পত্তি

৫. রেওয়ামিল কী?
ⓚ একটি হিসাব ⓚ হিসাবের উদ্বৃত্তের তালিকা
ⓖ চূড়ান্ত হিসাবের অংশ ⓖ হিসাবের সহকারী বই

৬. ব্যাংক বিবরণীর ক্রেডিট পার্শ্বে লেখা হয় কোনটি?
ⓚ ব্যাংক ঋণের সুদ ⓚ ব্যাংক হতে উত্তোলন
ⓖ ব্যাংকে জমা ⓖ ব্যাংক চার্জ

উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও।
প্রারম্ভিক মজুদ ১,০০,০০০ টাকা, ক্রয় ১,৫৫,০০০ টাকা, ক্রয় ফেরত ৩,০০০ টাকা, ক্রয় বাট্টা ২,০০০ টাকা, মজুরি ও বেতন ৩,০০০ টাকা, মেশিনের বহন খরচ ৪,০০০ টাকা, মেশিনের আমদানি শুল্ক ১,০০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ১,০০,০০০ টাকা (বাজারমূল্য ৯০,০০০ টাকা), বিক্রয় ২,০৫,০০০ টাকা, বিক্রয় ফেরত ৫,০০০ টাকা।

৭. উল্লিখিত তথ্যের আলোকে নিট ক্রয়ের পরিমাণ কত?
ⓚ ১,৫০,০০০ টাকা ⓚ ১,৫২,০০০ টাকা
ⓖ ১,৫৩,০০০ টাকা ⓖ ১,৫৫,০০০ টাকা

৮. কোন খরচগুলো বিক্রীত পণ্যের ব্যয়ে অন্তর্ভুক্ত হবে না?
i. মেশিনের বহন খরচ ii. মেশিনের আমদানি শুল্ক
iii. মজুরি ও বেতন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৯. কুঋণ প্রভিশন হিসাববিজ্ঞানের কোন নীতির কারণে সৃষ্টি করা হয়?
ⓚ সংরক্ষণশীল নীতি ⓚ আপেক্ষিকতা নীতি
ⓖ সামঞ্জস্যতা নীতি ⓖ মিলকরণ নীতি

১০. $\frac{২}{১০}$, $\frac{Net}{৩০}$ কী নির্দেশ করে?
ⓚ নগদ বাট্টা ⓚ কারবারি বাট্টা
ⓖ পরিমাণ বাট্টা ⓖ শৃঙ্খল বাট্টা

১১. নিচের কোনটি দু'তরফা দাখিলা পদ্ধতির অসুবিধা?
ⓚ পূর্ণাঙ্গ হিসাব পদ্ধতি ⓚ লাভ বা লোকসান নিরূপণ
ⓖ গাণিতিক নির্ভুলতা ⓖ ব্যয় বহুল

১২. কোনটি মূলধন জাতীয় প্রাপ্তি?
ⓚ ভাড়া প্রাপ্তি ⓚ কমিশন প্রাপ্তি
ⓖ নগদ বিক্রয়
ⓖ পুরাতন আসবাবপত্র বিক্রয়

১৩. একতরফা দাখিলা পদ্ধতিতে লাভ-লোকসান নির্ণয়ের সূত্র কোনটি?
ⓚ প্রারম্ভিক মূলধন - সমাপনী মূলধন
ⓚ (প্রারম্ভিক মূলধন + উত্তোলন) - সমাপনী মূলধন
ⓖ (সমাপনী মূলধন + উত্তোলন) - (প্রারম্ভিক মূলধন + মূলধনের সুদ)
ⓖ (প্রারম্ভিক মূলধন + উত্তোলন) - (সমাপনী মূলধন + পরিচালন ব্যয়)

উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।
করিম এন্টারপ্রাইজের ২০১৫ সালের কিছু লেনদেন নিম্নে দেয়া হলো:
i. ভাড়া বকেয়া কিন্তু এখনো পাওয়া যায় নি ২০,০০০ টাকা।
ii. বকেয়া বেতন ৮,০০০ টাকা।
iii. বিমা খরচ ৪,০০০ টাকা ৪ বছরের জন্য পরিশোধ করা হয়েছে, যা প্রাথমিকভাবে বিমা খরচরূপে লিপিবদ্ধ করা হয়েছে।
iv. ৩ বছরের সেবা আয় বাবদ ৩,০০০ টাকা প্রাপ্ত হয়েছে যা প্রাথমিকভাবে সেবা আয়রূপে লিপিবদ্ধ করা হয়েছে।

১৪. প্রথম বছর শেষে অগ্রিম বিমা খরচের পরিমাণ কত?
ⓚ ১,০০০ টাকা ⓚ ২,০০০ টাকা
ⓖ ৩,০০০ টাকা ⓖ ৪,০০০ টাকা

১৫. ২০১৫ সালের জন্য করিম এন্টারপ্রাইজের নিট আয় কত?
ⓚ ১১,০০০ টাকা ⓚ ১২,০০০ টাকা
ⓖ ১৫,০০০ টাকা ⓖ ২৩,০০০ টাকা

১৬. প্রাপ্য হিসাব সৃষ্টি হয়—
i. ধারে পণ্য বিক্রয় হতে
ii. বাকিতে সেবা প্রদানের মাধ্যমে
iii. প্রাপ্য সুদ হতে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৭. অবচয় নির্ধারণের কোন পদ্ধতিতে ভগ্নাবশেষ মূল্য বিয়োগ করা হয় না?
ⓚ বর্ষ সংখ্যার সমষ্টি পদ্ধতি ⓚ উৎপাদন একক পদ্ধতি
ⓖ সরলরৈখিক পদ্ধতি ⓖ ক্রমহ্রাসমান জের পদ্ধতি

১৮. হিসাববিজ্ঞানের নিচের কোন নীতি অগ্রিম খরচকে সম্পদ হিসাবে স্বীকৃতি দিয়েছে?
ⓚ সংরক্ষণশীল নীতি ⓚ ব্যয় সংক্রান্ত ধারণা
ⓖ চলমান ব্যবসায় সংক্রান্ত ধারণা
ⓖ সত্তানীতি

১৯. নগদ মূল্যে স্থায়ী সম্পত্তি ক্রয়ের ফলে হিসাব সমীকরণে কী পরিবর্তন ঘটে?
ⓚ খরচ বৃদ্ধি পাবে ⓚ দায়ের পরিমাণ বৃদ্ধি পাবে
ⓖ সম্পত্তির পরিবর্তন হবে ⓖ স্বত্বাধিকার বৃদ্ধি পাবে

২০. একতরফা দাখিলা পদ্ধতিতে কোন হিসাবটি সংরক্ষণ করা হয় না?
ⓚ দেনাদার ⓚ পাওনাদার ⓖ নগদ ⓖ নামিক

২১. অবচয় একটি—
i. অন্তঃলেনদেন ii. কারবারি লেনদেন
iii. অনগদ লেনদেন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

২২. ব্যক্তিবাচক হিসাবের ক্রেডিট ব্যালেন্স দ্বারা কী বোঝায়?
ক পাওনাদার খ উত্তোলন হিসাব
গ দেনাদার হিসাব ঘ মুনাফা

উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব নাহিদ হাসান একজন আইনজীবী। তিনি ১ জানুয়ারি, ২০১৫ তারিখে নগদ ১,৫০,০০০ টাকা, ৪,০০,০০০ টাকার পেশাগত বই ও ৩,০০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে কারবার আরম্ভ করেন। মক্কেলদের আইনি সেবা প্রদান বাবদ তিনি জানুয়ারি মাসে ৫৫,০০০ টাকা নগদ ও ৪৫,০০০ টাকা ধারে আয় করেন। পারিবারিক খরচের জন্য তিনি ৪৫,০০০ টাকা উত্তোলন করেন।

২৩. জানুয়ারি মাস শেষে জনাব নাহিদের নগদ উদ্বৃত্তের পরিমাণ কত?
ক ১,৫০,০০০ টাকা খ ১,৬০,০০০ টাকা
গ ২,০৫,০০০ টাকা ঘ ২,৫০,০০০ টাকা

২৪. জানুয়ারি মাস শেষে নাহিদের মূলধন হিসাবের উদ্বৃত্ত কত?
ক ৮,৫০,০০০ টাকা খ ৯,০৫,০০০ টাকা
গ ৯,৪৫,০০০ টাকা ঘ ৯,৫০,০০০ টাকা

২৫. জনাব হাসান প্রতি মাসের শুরুতে ১,০০০ টাকা কারবার হতে নগদ উত্তোলন করেন। সুদের হার ৫% হলে উত্তোলনের বার্ষিক সুদ কত?
ক ৩০০ টাকা খ ৩২৫ টাকা
গ ৬০০ টাকা ঘ ৬৫০ টাকা

২৬. নিচের কোনটি পরিচালন আয়ের উদাহরণ?
ক বিক্রয় আয় খ কমিশন আয়
গ বিনিয়োগের সুদ ঘ উত্তোলনের সুদ

উদ্দীপকটি পড়ো এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব মুবিনের কারবারে সমাপনী মূলধন ছিল ৬৩,০০০ টাকা। ঐ বছরের মাঝামাঝি সময়ে মুবিন কারবারে ১৮,০০০ টাকা সরবরাহ করেন এবং ১২,০০০ টাকা উত্তোলন করেন। ঐ বছরে ২৪,০০০ টাকা নিট লাভ হয়েছিল। উত্তোলনের ওপর ৫% সুদ ধার্য করা হয়েছিল।

২৭. জনাব মুবিনের প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত?
ক ২৪,০০০ টাকা খ ৩১,৫০০ টাকা
গ ৩৩,৩০০ টাকা ঘ ৫৭,৩০০ টাকা

২৮. ঐ বছরে ১০% হারে মূলধনের সুদের পরিমাণ নির্ণয় করো।
ক ৩,৩৩০ টাকা খ ৩,৪০০ টাকা
গ ৪,২৩০ টাকা ঘ ৫,১৩০ টাকা

২৯. নিচের কোনটি দীর্ঘমেয়াদি দায়?
ক বকেয়া মজুরি খ প্রদেয় বিল
গ প্রদেয় কর ঘ ১০% ঋণপত্র

৩০. অবচয় ধার্যের ক্ষেত্রে কোন পদ্ধতিটি সর্বাধিক ব্যবহৃত হয়?
ক সরলরৈখিক পদ্ধতি খ পুনঃমূল্যায়ন পদ্ধতি
গ বার্ষিক সমকিস্তি পদ্ধতি ঘ পুনঃস্থাপন ব্যয় পদ্ধতি

৩১. প্রত্যাখ্যাত প্রাপ্য বিলের জন্য কোন জাবেদাটি লিখতে হয়?
ক প্রাপ্য বিল হিসাব ডে.
দেনাদার হিসাব ক্রে.
খ প্রাপ্য বিল হিসাব ডে.
সেবা আয় হিসাব ক্রে.
গ দেনাদার হিসাব ডে.
প্রাপ্য বিল হিসাব ক্রে
ঘ নগদান হিসাব ডে.
প্রাপ বিল হিসাব ক্রে.

৩২. ক্রমযোজিত অবচয় কোন ধরনের হিসাব?
ক দায় খ সম্পদ
গ কন্ট্রা খরচ ঘ কন্ট্রা সম্পত্তি

৩৩. সমাপনী দাখিলা প্রস্তুতের প্রধান উদ্দেশ্য কী?
ক সম্পত্তি হিসাব বন্ধ করা খ দায় হিসাব বন্ধ করা
গ মূলধন হিসাব বন্ধ করা ঘ আয়-ব্যয় হিসাব বন্ধ করা

৩৪. GAAP-এর সম্পূর্ণ রূপ কী?
ক Generally Accounting Accepted Principles
খ Generally Accepted Accounting Principles
গ Generally Accepted Accounting Principals
ঘ Generally Accounting Application Policies

৩৫. একতরফা দাখিলা পদ্ধতিকে দুতরফা দাখিলা পদ্ধতিতে রূপান্তরের সময় প্রদেয় বিল হিসাব ও পাওনাদার হিসাব হতে নিরূপণ করা হয়—
i. নগদ ক্রয়ের পরিমাণ
ii. প্রদেয় বিলে স্বীকৃতির পরিমাণ
iii. ধারে ক্রয়ের পরিমাণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৬. ব্যাংক সমন্বয় বিবরণী কে প্রস্তুত করেন?
ক ব্যাংক খ দেনাদার
গ পাওনাদার ঘ আমানতকারী

৩৭. কখন সমাপনী মজুদ পণ্য রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয়?
ক যদি রেওয়ামিলে বিক্রীত পণ্যের ব্যয় অন্তর্ভুক্ত হয়
খ যদি ক্রয় ও বিক্রয় রেওয়ামিলে প্রদর্শিত হয়
গ যদি সমন্বিত ক্রয় রেওয়ামিলে অন্তর্ভুক্ত না হয়
ঘ যদি রেওয়ামিলে পণ্য ক্রয় অন্তর্ভুক্ত হয়

৩৮. লেনদেনের ফলাফল পাওয়া যায়—
i. জাবেদা হতে ii. চূড়ান্ত হিসাব হতে
iii. খতিয়ান হতে
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii গ i ও iii ঘ ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও।
২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৩৭,০০০ টাকা এবং বাজারমূল্য ৩৫,০০০ টাকা। অন্যদিকে সমাপনী মজুদ পণ্যের মধ্যে ৫,০০০ টাকার আগুনে বিনষ্ট পণ্য অন্তর্ভুক্ত আছে। বিমা কোম্পানি ৪০% ক্ষতিপূরণ দিতে সম্মত হয়েছে।

৩৯. রক্ষণশীল নীতি অনুযায়ী ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপনী মজুদের মূল্য কত?
ক ৩০,০০০ টাকা খ ৩২,০০০ টাকা
গ ৩৫,০০০ টাকা ঘ ৩৭,০০০ টাকা

৪০. চলতি সম্পত্তির পরিমাণ কত?
ক ৩০,০০০ টাকা খ ৩২,০০০ টাকা
গ ৩৮,০০০ টাকা ঘ ৪০,০০০ টাকা

| উত্তরমালা | ১ | খ | ২ | ক | ৩ | ক | ৪ | ঘ | ৫ | খ | ৬ | গ | ৭ | ক | ৮ | ক | ৯ | ক | ১০ | ক | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | খ | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | গ | ২০ | ঘ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | ক | ৩১ | গ | ৩২ | ঘ | ৩৩ | ঘ | ৩৪ | খ | ৩৫ | গ | ৩৬ | ঘ | ৩৭ | ক | ৩৮ | ঘ | ৩৯ | ক | ৪০ | ঘ |